দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 7

17

7

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি

চলতি ১৯৮৮ সালের ডিগ্রী পরীক্ষার প্রথমদিনে তোলারাম কলেজ কেন্দ্রের বাংলা (মাতৃভাষা) পরীক্ষায় সংঘটিত অপ্রীতিকর ঘটনার কথা আমার মত অনেকেরই এখন জানা। একজন নিরপেক্ষ এবং শান্তিকামী ব্যক্তি হিসেবে নিঃসন্দেহে এমন অপ্রীতিকর ঘটনার নিন্দা ও সুষ্ঠু সমাধানও আমার মত অনেকের প্রত্যাশা। অথচ, এতসব উচিত, অনুচিত, কাম্য, প্রত্যাশা থাকা সত্ত্বেও আমাদের দেশে কিন্তু নৈরাজ্যের অভাব ঘটেনি কোনদিন। বরং অভাব যার ঘটেছে তা হলো সুষ্ঠু সমাধানের। আমি ১৯৮৫ সালে পিরোজপুর সরকারী কলেজ থেকে বিএ (পাস) পরীক্ষায় অংশগ্রহণ করে একই বাংলা পরীক্ষায় ঠিক একই রকম এক অপ্রীতিকর ঘটনার সম্মুখীন হয়েছিলাম আরও অনেকের সাথে। যে কোন মূল্যে এর একটি সুসমাধানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সরাসরি উপস্থিত হয়ে, সংবাদপত্রের মাধ্যমে এমনকি বিটিভি'র তৎকালীন আইন-আদালত অনুষ্ঠানের মাধ্যমে আবেদন জানিয়েছিলাম। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দু'বছর গড়িমসি করেও তার কোন সুসমাধান দেয়নি।

দু'চারজন নকলবাজ, উচ্ছৃংখল হাঙ্গামাকারীর জন্য সংখ্যাগরিষ্ঠ নিরীহ ছাত্র-ছাত্রীর জীবনে অশান্তির কালোছায়া ঘনিয়ে আসবে এমনটি কোন সচেতন মানুষের প্রত্যাশা নয়। তাই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সমগ্র দেশের শান্তিকামী ছাত্র-ছাত্রীদের পক্ষ থেকে একান্ত অনুরোধ, নিরীহ ছাত্র-ছাত্রীদের জীবনকে আর হতাশার দিকে ঠেলে না দিয়ে তোলারাম কলেজ কেন্দ্রের অপ্রীতিকর ঘটনায় ক্ষতিগ্রস্ত ছাত্র-ছাত্রীদের মতামত সাপেক্ষে একটি সুসমাধান অনতিবিলম্বেই করা হোক।

আসলাম খান
খানলজ
পিরোজপুর-৮৫০০
জেলাঃ-পিরোজপুর।